# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
## ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, কোম্পানী সচিবালয়
### মাসিক সমন্বয় ১ম সভা জানুয়ারী, ২০১৯-এর কার্যবিবরণী
**www.bapex.com.bd**

কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে বিগত ০৯ জানুয়ারি, ২০১৯ তারিখে বাপেক্স বোর্ডরুমে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সকল মহাব্যবস্থাপকবৃন্দ, প্রকল্প পরিচালকবৃন্দ ও সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। তিনি বাপেক্সের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের তাদের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠভাবে আরও আন্তরিকতার সাথে পালনের উপর গুরুত্বারোপ করেন। অধিকন্তু প্রকল্পসহ সকল বিভাগ ও উপবিভাগের কাজের গতিশীলতা বৃদ্ধিসহ নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত এবং অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে তিনি মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব মহোদয়কে সমন্বয় সভার কার্যবিবরণী প্রস্তুত এবং সেবা উপবিভাগকে উপস্থিত সকলের জন্য হালকা আপ্যায়নের নির্দেশনা প্রদান করেন। অতঃপর দফা ওয়ারী আলোচনাসহ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়কারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১। | আলোচ্যসূচি-১: পদোন্নতি সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভাকে এ মর্মে অবহিত করেন যে, বাপেক্সের পদোন্নতি প্রত্যাশি কর্মকর্তা-কর্মচারীগণ ভীষণ হতাশাগ্রস্ত। তিনি পদোন্নতি দেয়ার ক্ষেত্রে সকলের সহযোগীতা কামনা করেন। তিনি সবাইকে আশ্বস্ত করেন যে, পদোন্নতি দেয়ার ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে তিনি অত্যন্ত আন্তরিক এবং সর্বোচ্চ সংখ্যক পদোন্নতি প্রদান করতে ইচ্ছুক। সব কিছু ঠিক থাকলে জানুয়ারি, ২০১৯ মাসের মধ্যেই পদোন্নতি প্রদানের কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি সবাইকে নিজ নিজ দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের পরামর্শ প্রদান করেন এবং মামলা করা হতে বিরত থাকার অনুরোধ জানান। | জানুয়ারি, ২০১৯ মাসের মধ্যে নতুন কমিটির মাধ্যমে এসেসমেন্ট সম্পন্ন করে পদোন্নতি প্রদানের কার্যক্রম সম্পন্ন করা হবে। | প্রশাসন বিভাগ |
| ২। | আলোচ্যসূচি-২: গাড়ী বরাদ্দ প্রদান সংক্রান্ত | গাড়ী বরাদ্দ প্রদান সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা হয়। এতদ্বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সবাইকে ধৈর্যশীল হওয়ার পরামর্শ প্রদান করেন এবং পদোন্নতি প্রদানের কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সিনিয়ারিটির ভিত্তিতে যথানিয়মে গাড়ী বরাদ্দ প্রদান করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | পদোন্নতি প্রদানের কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সিনিয়ারিটির ভিত্তিতে যথানিয়মে গাড়ী বরাদ্দ প্রদান করা হবে। | প্রশাসন বিভাগ |
| ৩। | আলোচ্যসূচি-৩: কমিটির প্রতিবেদন দাখিলে বিলম্ব। | বাপেক্স-এর চলমান রূপকল্প সমূহের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে কমিটির প্রতিবেদন দাখিলে বিলম্ব পরিলক্ষিত হচ্ছে, যা অনাকাঙ্খিত ও কোনভাবেই গ্রহণযোগ্য নহে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্প পরিচালকগণকে এ মর্মে অবহিত করেন যে, প্রতিবেদন দাখিলের বিলম্বজনিত কারণে প্রকল্পের কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হয়। এতদ্ বিষয়ে তিনি প্রতিবেদন দাখিলকারী সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রকল্প পরিচালকগণকে আরও দায়িত্বশীল এবং যত্নবান হওয়ার পরামর্শ প্রদান করেন। এর ব্যত্যয়ে শুধুমাত্র বাপেক্স নয় বার্ষিক কার্য সম্পাদন চুক্তি প্রতিপালনে পেট্রোবাংলাও ব্যর্থ হবে। | প্রতিবেদন দাখিলকারী সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রকল্প পরিচালকগণকে আরও দায়িত্বশীল এবং সতর্ক হওয়ার জন্য অনুরোধ করা হয়। সে সাথে নির্ধারিত সময়ের মধ্যে ডিপিপি প্রস্তুতসহ মাঠ পর্যায়ে তদারকি কাজে সজাগ হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো। | প্রশাসন ও পরিকল্পনা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | আলোচ্যসূচি-৪: প্রকল্পের অগ্রগতি বিষয়ক | বাপেক্স-এর চলমান প্রকল্পসমূহের অগ্রগতি খুবই ধীরগতি সম্পন্ন এবং হতাশাব্যঞ্জক। প্রকল্পের অগ্রগতি স্ব-স্ব প্রকল্প পরিচালককে নিজে তদারকী করার নির্দেশনা প্রদান করা হয়। কোথাও কোন সমস্যা হলে সাথে সাথে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিত করে সমাধানের যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং Time to time ব্যবস্থাপনা পরিচালক মহোদকে প্রকল্পের অগ্রগতি অবহিত করার পরামর্শ প্রদান করা হয়। | অন্যের উপর নিরর্ভশীল না থেকে প্রকল্পের অগ্রগতি স্ব-স্ব প্রকল্প পরিচালককে নিজে তদারকী করার এবং Time to time ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে প্রকল্পের অগ্রগতি অবহিত করার নির্দেশনা প্রদান করা হলো। | স্ব-স্ব প্রকল্প পরিচালক |
| ৫। | আলোচ্যসূচি-৫: গৃহিত কার্যক্রম (Workover, Shrikail East # 1) সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অনেক হতাশার মাঝে এ মর্মে সবাইকে আশার বাণী প্রদান করেন যে, এ মাসেই বাখরাবাদ # ১ এর ওয়ার্কওভার শুরু হতে যাচ্ছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় শ্রীকাইল ইস্ট # ১ এর খনন কাজ যত দ্রুত সম্ভব শুরু করার বিষয়ে প্রকল্প পরিচালক রূপকল্প # ১ কে নির্দেশনা প্রদান করেন। | APA বাস্তবায়নের লক্ষ্যে সঠিক সময়ে কাজ শুরু করার জন্য সার্বিক প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো। | প্রকল্প পরিচালক রূপকল্প # ১ |
| ৬। | আলোচ্যসূচি-৬: পূর্ত কার্যক্রম বিষয়ক | সভায় বিভিন্ন প্রকল্পের পূর্ত নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে উপমহাব্যবস্থাক (নির্মাণ)-কে জিজ্ঞাসা করা হলে তিনি সভাকে এ মর্মে অবহিত করেন যে, চলমান প্রকল্প সমূহের নির্মাণ কাজ এগিয়ে চলেছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় পূর্ত নির্মাণ কাজের ধীর গতির জন্য প্রকল্পের কার্যক্রমে যেন কোন ব্যাঘাত সৃষ্টি না হয় সে দিকে উপমহাব্যবস্থাপক (নির্মাণ) কে সতর্ক দৃষ্টি রাখার নির্দেশনা প্রদান করেন। | চলমান প্রকল্প সমূহের নির্মাণ কাজ যথা সময়ে এবং দ্রুত শেষ কারার নির্দেশনা প্রদান করা হলো। | নির্মাণ বিভাগ |
| ৭। | আলোচ্যসূচি-৭: স্টোর ইনভেন্টরী সংক্রান্ত | কোম্পানীর পরিসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার একটি সফ্টওয়্যার ভিত্তিক আধুনিক Inventory করার বিষয়ে সভাকে জানানো হয় যে, Inventory কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে বাপেক্স পরিচালনা পর্ষদের নির্দেশনা রয়েছে। যা দ্রুত প্রতিপালন করার ক্ষেত্রে কোম্পানীর বাধ্যবাধকতা রয়েছে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (আইসিটি) সভাকে জানান যে, সংশ্লিষ্ট কমিটি এ বিষয়ে ইতোমধ্যে কাজ শুরু করেছে এবং কার্যক্রম সমাপ্তি পর্যায়ে রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে Inventory কার্যক্রমের প্রতিবেদন আগামী ১৩-০১-২০১৯ রোজ রবিবারের মধ্যে দাখিলের নির্দেশনা প্রদান করেন। | Automation সহ Inventory কার্যক্রম সম্পন্ন করে আগামী ১৩-০১-২০১৯ রোজ রবিবারের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিকল্পনা বিভাগ (আইসিটি উপবিভাগ) |
| ৮। | আলোচ্যসূচি-৮: রিগ ইনভেন্টরীর অগ্রগতি বিষয়ক | সভায় জানানো হয় যে, রিগ Inventory কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। পাওয়ার পয়েন্ট-এর মাধ্যমে সংশ্লিষ্ট কমিটি ০৯-০১-২০১৯ তারিখে ব্যবস্থাপনা পরিচালকের কাছে প্রতিবেদন দাখিল করবে। | রিগ Inventory কার্যক্রম সম্পন্ন হয়েছে। | পরিকল্পনা বিভাগ (আইসিটি উপবিভাগ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯। | আলোচ্যসূচি-৯: ভেন্ডর তালিকা প্রণয়ন সংক্রান্ত | ভেন্ডর তালিকা প্রণয়নকরতঃ তা কার্যপত্র আকারে বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে পরিচালনা পর্ষদের নির্দেশনা রয়েছে মর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভাকে অবহিত করেন। সভাকে জানানো হয় বাপেক্স-এর জন্য একটি যুগোপযোগী ভেন্ডর তালিকা প্রণয়ন করার ক্ষেত্রে Third Party Engineering Services & Material উভয় বিষয়কে প্রাধান্য দিতে হবে। | Third Party Engineering Services এর ভেন্ডর তালিকা প্রস্তুত করে পরবর্তী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হলো। | প্রশাসন বিভাগ |
| ১০। | আলোচ্যসূচি-১০: ই-নথি ব্যবস্থাপনা কার্যকর সংক্রান্ত | আলোচনাকালে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভাকে এ মর্মে অবহিত করেন যে, প্রশাসন এবং হিসাব ও অর্থ বিভাগ ই-নথি ব্যবস্থাপনায় অনেক পিছিয়ে রয়েছে। কাজেই প্রয়োজনে আইটি উপভিাগের সহযোগীতায়/ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে ই-নথি ব্যবস্থাপনায় আরও যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তিনি সভাকে জানান যে, ই-নথি ব্যবস্থাপনায় বাপেক্স অনেকটা পিছিয়ে আছে। ই-নথি ব্যবস্থাপনার র‍্যাংকিং-এ বাপেক্সকে আরও এগিয়ে যাওয়ার ক্ষেত্রে প্রশাসন এবং হিসাব ও অর্থ বিভাগের কার্যক্রমকে ত্বরান্বিত করার পাশাপাশি সকল বিভাগ এবং উপ বিভাগকে আরও যত্নশীল হওয়ার পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও মাঠ পর্যায়ে প্রশিক্ষণ প্রদানপূর্বক সকল নথি সংশ্লিষ্ট কার্যক্রম ই-নথির আওতায় আনার বিষয়ে আলোকপাত করেন। | ই-নথি ব্যবস্থাপনা কার্যকর করার ক্ষেত্রে প্রশাসন এবং হিসাব ও অর্থ বিভাগের কার্যক্রমকে ত্বরান্বিত করার পাশাপাশি সকল বিভাগ এবং উপ বিভাগকে আরও যত্নশীল হওয়ার পরামর্শ প্রদান করা হলো। | পরিকল্পনা বিভাগ (আইসিটি উপবিভাগ) |
| ১১। | আলোচ্যসূচি-১১: Law cell গঠন বিষয়ক | কোম্পানী সচিব মহোদয় Law cell গঠনকরণ বিষয়ে সভাকে এ মর্মে অবহিত করেন যে, বাপেক্স পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও সচিব, বিজ্ঞাখস মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরিচালক (অপারেশন)-কে আহ্বায়ক করে একটি ল' সেল গঠন করা হয়েছে। উক্ত সেল বিদেশী কোম্পানীর সাথে বিভিন্ন চুক্তি সম্পাদনের ক্ষেত্রে আইনী বিষয় গুলো পরীক্ষা-নিরীক্ষা করে থাকে। পাশা পাশি কোম্পানীর চলমান বিভিন্ন মামলার আইনী বিষয়সমূহ তদারকী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকেন। | (১) Law cell কোম্পানীর বিভিন্ন চলমান মামলা সমূহ নিয়মিত পর্যবেক্ষণ ও তদারকী করে মামলার বর্তমান পর্যায় ও সর্বশেষ তথ্য সম্বলিত Excell Sheet প্রস্তুত করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিল করবে।<br>(২) Law cell প্রতি মাসের ১৫ তারিখে এবং ৩০ তারিখে মামলার সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিল করবে। | (ক) পরিচালক (অপারেশন)।<br>(খ) মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব। |
| ১২। | আলোচ্যসূচি-১২: বিস্ফোরক সংক্রান্ত প্রতিবেদন দাখিল সংক্রান্ত | সভায় বাপেক্স-এর পোমড়া ম্যাগজিনে বর্তমানে কি পরিমাণ বিস্ফোরক দ্রব্য মজুদ আছে, প্রয়োজন অনুযায়ী বিভিন্ন প্রকল্পের অধিনে এ গুলো ক্রয় করা হয়েছে কি না, কি পরিমাণ ব্যবহৃত হয়েছে, বিস্ফোরক সমূহের Self Life কত দিন আছে এতদ্ বিষয়ে অতি সত্তর একটি প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। সে সাথে বিদেশী কোম্পানী কাজ শেষে যে বিস্ফোরক দ্রব্য বাপেক্স-এর নিকট হস্তান্তর করে তা সংরক্ষণ ও Demolishment ব্যয় নির্ধারণপূর্বক গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | বাপেক্স-এর পোমড়া ম্যাগজিনে বর্তমানে বিস্ফোরক দ্রব্য মজুদের পরিমাণ, কোন কোন প্রকল্পের বিপরীতে explosive ক্রয় করা হয়েছে (মূল্যসহ) এবং অবশিষ্ট বিস্ফোরক সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সম্বলিত প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হলো। | ভূপদার্থিক বিভাগ ও ভূতাত্ত্বিক বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | আলোচ্যসূচি-১৩: Lay of কৃত কূপ/ জমি গ্রহণ/ প্রত্যর্পণ বিষয়ক | Lay of কৃত কূপ/জমি গ্রহণ/প্রত্যর্পণ বিষয়ে সভায় এ মর্মে আলোচনা হয় যে, কোথায় কতটুকু ভূমি/ জমি রাখা দরকার তা ভূতাত্ত্বিক বিভাগের মতামত গ্রহণ পূর্বক সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত ৫ সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | Lay of কৃত কূপ/ জমি গ্রহণ/ প্রত্যর্পণ বিষয়ে কোথায় কতটুকু ভূমি/জমি রাখা দরকার তা ভূতাত্ত্বিক বিভাগের মাধ্যমে মতামত গ্রহণকরতঃ উপমহাব্যবস্থাপক (নির্মাণ) -কে আহ্বায়ক করে হিসাব ও অর্থ বিভাগের ১জন; প্রশাসন বিভাগের ১জন; প্রকৌশল বিভাগের ১জন এবং খনন বিভাগের ১ জন প্রতিনিধির সমন্বয়ে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের নির্দেশনা প্রদান করা হলো। | উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১৪। | আলোচ্যসূচি-১৪: সি এন্ড এফ এজেন্ট এর পাওনা ও মামলা সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সি এন্ড এফ এজেন্ট এর বিল পরিশোধ সংক্রান্তে সর্বশেষ পরিস্থিতি বিষয়ে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)-এর নিকট জানতে চাইলে তিনি জানান যে, C&F Agent ৯৯ লক্ষ টাকা বকেয়া বিলের বিষয়ে যে আবেদন করেছে তার মধ্যে বেশ কিছু ইনভয়েজ এর বিপরীতে বিল পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট বিলসমূহ পরিশোধের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। আলোচনার এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় যে সমস্ত ইনভয়েজের বিপরীতে বিল পরিশোধ করা হয়েছে তা C&F Agent-কে অবগত করা জন্য মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)-কে নির্দেশনা প্রদান করেন এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক নতুনভাবে C&F Agent নিয়োগ কার্যক্রমের বিপরীতে আদালতে যে মামলা করেছেন তা দ্রুত Vacate করার জন্য নির্দেশনা প্রদান করেন। | যে সমস্ত ইনভয়েজের বিপরীতে বিল পরিশোধ করা হয়েছে এবং যে সমস্ত বিল পরিশোধের আর কোন সুযোগ নেই তা C&F Agent-কে অবগত করা জন্য নির্দেশনা প্রদান করা হলো। | হিসাব ও অর্থ বিভাগ ও কোম্পানী সচিব |
| ১৫। | আলোচ্যসূচি-১৫: অডিট আপত্তি নিস্পত্তি বিষয়ক | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কোম্পানীর অডিট আপত্তির সংখ্যার তথ্য জেনে অসন্তোষ প্রকাশ করেন। তিনি ক্রয় প্রক্রিয়ায় PPR-2008 অনুসরণসহ নিয়মনীতি অনুসরণের প্রতি গুরুত্বারোপ করেন। তিনি সভাকে জানান যে, এ অর্থ বছরে ১০০টি অডিট আপত্তি নিস্পত্তির টার্গেট রাখবেন। আলোচনাকালে উপমহাব্যবস্থাপক (অডিট) সভাকে জানান যে অতি সম্প্রতি বেশ কয়েকটি উল্লেখযোগ্য অডিট আপত্তি নিস্পন্ন হয়েছে, আরও নিস্পত্তির চেষ্টা অব্যাহ রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অডিট আপত্তি নিস্পন্নের ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগ, উপবিভাগ ও প্রকল্প পরিচালকগণকে উপমহাব্যবস্থাপক (অডিট)-কে সার্বিক সহযোগীতা প্রদানের নির্দেশনা প্রদান করেন। | অত্র অর্থ বছরে ১০০টি অডিট আপত্তি নিস্পত্তির ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগ, উপবিভাগ ও প্রকল্প পরিচালকগণ উপমহাব্যবস্থাপক (অডিট)-কে সার্বিক সহযোগীতা প্রদান করবেন। | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) ও উপমহাব্যবস্থাপক (ক্রয়) |
| ১৬। | আলোচ্যসূচি-১৬: মানব সম্পদ উন্নয়ন বিষয়ক | মানব সম্পদ উন্নয়ন বিষয়ে পরিকল্পনা বিভাগের এইচআরএম উপবিভাগ সভাকে এ মর্মে অবহিত করে যে, মানব সম্পদ উন্নয়নের জন্য ইতোমধ্যে বেশ কিছু বৈদেশিক প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | প্রকল্প পরিচালক ও ভবিষ্যৎ প্রকল্প পরিচালকদের চুক্তি সংক্রান্ত এবং English Language | পরিকল্পনা বিভাগ (HRM উপবিভাগ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এতদ্ সংশ্লিষ্ট পেন্ডিং নথিসমূহ দ্রুত পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্প পরিচালক ও ভবিষ্যৎ প্রকল্প পরিচালকদের চুক্তি সংক্রান্ত এবং English Language বিষয়ের উপর দীর্ঘ মেয়াদী স্থানীয় প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের প্রতি আলোকপাত করেন। তাছাড়া PPR, PPA এবং DPP প্রণয়ন সংক্রান্ত, কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী প্রবিধানমালা, শ্রম আইন বিষয়ে স্থানীয় প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিষয়ে স্থানীয় প্রশিক্ষণ প্রদানসহ PPR, PPA, DPP, কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী প্রবিধানমালা, শ্রম আইন বিষয়ের উপর স্থানীয় প্রশিক্ষণ আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। | |
| ১৭। | আলোচ্যসূচি-১৭ (বিবিধ-১):<br><br>জনবল অবকাঠামো প্রস্তুতের বিপরীতে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিয়োজিত IIFC-এর বিল পরিশোধ সংক্রান্ত | কোম্পানী সচিব সভাকে জানান যে, বাপেক্স-এর অরগানোগ্রাম পুনঃগঠন কাজের জন্য IIFC-কে নিয়োগ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী IIFC অরগানোগ্রাম পুনঃগঠন করে পরিচালনা পর্ষদের ৪০৩তম সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেনটেশন আকারে উপস্থাপন করে। সভায় বাপেক্স-কে কারিগরিভাবে অধিক শক্তিশালী ও দ্রুত সিদ্ধান্ত গ্রহণে সক্ষম প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে IIFC কর্তৃক বাপেক্স-এর জন্য প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো তদ্কালীন পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক আরও যুগোপযোগী ও সমৃদ্ধশালী করে পরবর্তিতে বোর্ড সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করে। কিন্তু IIFC অরগানোগ্রাম পুনঃগঠনের কাজটি অসমাপ্ত রেখেই বিল পরিশোধের অনুরোধ করে। এ কারনেই অদ্যাবধি তাদের দাখিলকৃত বিল পরিশোধ করা সম্ভব হয়নি। সভা বিষয়টি অবহিত হয়ে IIFC কর্তৃক প্রদত্ত অরগানোগ্রাম পুনঃগঠন সংক্রান্ত বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন দাখিলের জন্য (১) মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব, (২) মহাব্যবস্থাপক (ডাটা ম্যানেজমেন্ট), (৩) মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং (৪) উপমহাব্যবস্থাপক (পার্সোনেল) এর সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের নির্দেশনা প্রদান করে। উক্ত কমিটি আগামী ০৭ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন মর্মে আলোচনা হয়। | IIFC কর্তৃক প্রদত্ত অরগানোগ্রাম পুনঃগঠন সংক্রান্ত বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন দাখিলের জন্য (১) মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব, (২) মহাব্যবস্থাপক (ডাটা ম্যানেজমেন্ট), (৩) মহাব্যবস্থাপক(প্রশাসন) ও (৪) উপমহাব্যবস্থাপক (পার্সোনেল)-এর সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের নির্দেশনা প্রদান করা হলো। উক্ত কমিটি আগামী ০৭ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। | প্রশাসন বিভাগ<br>ও<br>কোম্পানী সচিব |
| ১৮। | আলোচ্যসূচি-১৮ (বিবিধ - ২) :<br><br>ভোলা, শাহবাজপুর গ্যাসক্ষেত্রের জন্য প্রসেস প্ল্যান্ট ক্রয় সংক্রান্ত। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে উপমহাব্যবস্থাপক (উৎপাদন) সভাকে এ মর্মে অবহিত করেন যে, শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ১ নং কূপ হতে গ্যাস উৎপাদন শুরু করার লক্ষ্যে বর্তমানে স্থাপিত রিগটি জরুরী ভিত্তিতে স্থানান্তর ও কূপের First Annulus এর প্রেসার (৬৫০ পিএসআইজি) remove করার জন্য সংশ্লিষ্ট বিভাগের মহাব্যবস্থাপকগণকে অনুরোধ করা হয়। শাহবাজপুর গ্যাসক্ষেত্রের বিদ্যমান কূপসমূহ ও শাহবাজপুর ইস্ট # ১ কূপ হতে গ্যাস উৎপাদনের লক্ষ্যে বর্তমান প্রসেস প্ল্যান্টের পাশাপাশি ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন গ্লাইকল ডিহাইড্রেশন টাইপ প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে বাপেক্স পরিচালনা | ১। শাহবাজপুর ১ নং কূপে অবস্থিত আইপিএস কার্ডওয়েল রিগটি জরুরী ভিত্তিতে স্থানান্তরের কার্যক্রম শুরু করতে হবে।<br><br>২। শাহবাজপুর ১ নং কূপের First Annulus এর প্রেসার remove করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকৌশল বিভাগ<br><br>টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পর্ষদের ৩৯৬তম সভায় প্রসেস প্ল্যান্ট সংগ্রহের জন্য আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র আহ্বান এবং জিডিএফ-এর অর্থায়নে ডিপিপি প্রণয়নের অনুমোদন প্রদান করা হয়। উক্ত ডিপিপি অনুমোদনের জন্য পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে, যা অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। এ দিকে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র নং-বাপেক্স/এডমিন/আইএনটি/টিইএন-৮৮৮/২০১৮ তারিখ ২২-০৩-২০১৮ আহ্বান করা হয়। একটি মাত্র গ্রহণযোগ্য দরপত্র পাওয়া যাওয়ায় পুনরায় দরপত্র আহ্বানের জন্য পরিচালনা পর্ষদের ৪০৫তম সভায় সিদ্ধান্ত প্রদান করা হয়। দরপত্র আহ্বানের লক্ষ্যে দরপত্র দলিল কমিটির মাধ্যমে পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে প্রস্তুত করা হয়েছে। এমতাবস্থায় পুনঃদরপত্র আহ্বানের বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দিক নির্দেশনা কামনা করা হয়। | ৩। শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের জন্য ৬০ MMSCFD ক্ষমতা সম্পন্ন গ্লাইকল ডিহাইড্রেশন টাইপ প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে পুনরায় দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন ও উৎপাদন বিভাগ |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সর্বস্তরের কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.১.২০১৯
(মীর মোঃ আব্দুল হান্নান)
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণঃ

১। পরিচালক ..........................
২। মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক ... কোম্পানী সচিব ..........
৩। অফিস কপি।

অনুলিপি ঃ

১। উপব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা।